

ট্যাক্সিয়ন

কোন দিন কী বার? বের করুন সহজেই

কে. এম শারিয়াত উল্লাহ

শিক্ষার্থী, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যেকোনো বছরের যেকোনো তারিখের বার নির্ণয় করতে আমাদের প্রথমেই প্রতিটি মাসের জন্য নির্ধারিত কিছু বিশেষ কোড জানতে হবে। নিচে প্রতি মাসের জন্য সেই কোড দেওয়া হলো -

	21 st Century	20 th Century		21 st Century	20 th Century
জানুয়ারি	8	3	জুলাই	7	2
ফেব্রুয়ারি	11	6	আগস্ট	8	3
মার্চ	11	6	সেপ্টেম্বর	6	1
এপ্রিল	7	2	অক্টোবর	18	3
মে	12	5	নভেম্বর	11	6
জুন	5	0	ডিসেম্বর	6	1

এবার চারটি উল্লেখ সারি তৈরি করুন। এভাবে A | B | C | D

A এর নিচ বরাবর মাসের কত তারিখ তা লিখুন, B এর নিচ বরাবর ঐ মাসের কোড লিখুন, C এর নিচ বরাবর ঐ শতকের বছরটি লিখুন, D এর নিচ বরাবর ঐ বছরকে 4 দ্বারা ভাগ করলে যা ভাগফল হয় তার পূর্ণসংখ্যার অংশ লিখুন। এবার এই চারটি মান যোগ করে ৭ দিয়ে ভাগ করুন। ভাগশেষ যা হবে তাই হচ্ছে আপনার দিনের সংখ্যা। যদি বছরটি লিপ ইয়ার হয় ও তারিখটি ২৯ ফেব্রুয়ারির আগে হয় তাহলে ১ বিয়োগ করে নিতে হবে। বিঃদ্রঃ এখানে রবিবার থেকে সপ্তাহ শুরু হচ্ছে। মানে ভাগশেষ ১ হলে রবিবার, ২ হলে সোমবার ইত্যাদি।

ট্যক্ৰিয়ন

উদাহরণ - December 16, 1971 কী বার?

সমাধান - [20th Century]

A	B	C	D	Total	Day
16	6	71	$71/4 \sim 17$	$16+6+71+17=110$	$110\%7= 5$

ভাগশেষ পাঁচ অর্থাৎ, বৃহস্পতিবার।

উদাহরণ - November 28, 2020 কী বার?

সমাধান - [21th Century] [Leap Year]

A	B	C	D	Total	Day
28	11	20	$20/4 \sim 5$	$28+11+20+5=64$	$64\%7= 1$

ভাগশেষ এক। তবে এটি যেহেতু লিপ ইয়ার তাই এক বিয়োগ হবে। ভাগশেষ শূন্য। অর্থাৎ, শনিবার।

[Ref: Braun, C. (1893). A Simple Rule for finding the Day of the Week corresponding to any given Day of the Month and Year. *Nature*, 48(1236), 222-223.]